DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) 🗓 তৈরি: 13 Sep 2026, 02:23 PM

বিনোদন

# নিজেদের বঙ্গবন্ধুর সৈনিক পরিচয় দিয়ে অভিনেত্রী বাঁধনের ওপর হামলা

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৮ সেপ্টেম্বর ২০২৬, ০৫:৫২ PM



ইতালিতে লাঞ্ছনার শিকার হয়েছেন জনপ্রিয় অভিনেত্রী আজমেরী হক বাঁধন। ভেনিস আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে যোগ দিতে গিয়ে দেশটির মেস্ত্রে শহরে ভাইয়ের পরিবারের সঙ্গে পার্কে হাঁটতে বেরিয়েছিলেন তিনি। সেখানেই ঘটে এই অপ্রীতিকর ঘটনা।

মঙ্গলবার মধ্যরাতে ভেরিফায়েড ফেসবুক পেজে লাইভে এসে বাঁধান জানান, প্রবাসে থাকা নিষিদ্ধ আওয়ামী লীগের কর্মীরা তাঁর ওপর হামলা চালিয়েছে। তাঁর শরীরে পানি ও কোক ছুঁড়ে মারা হয়েছে।

তিনি অভিযোগ করেন, একপর্যায়ে হামলাকারীরা তাঁর গায়ে হাত তোলে এবং কান ও মাথায় আঘাত করে। কেড়ে নিয়ে ফেলে দেওয়া হয় হাতের ফোনটিও।

আক্রমণকারীরা নিজেদের বঙ্গবন্ধুর সৈনিক পরিচয় দিয়ে বাঁধনকে জোরপূর্বক 'জয় বাংলা, জয় বঙ্গবন্ধু' স্লোগান দিতে বাধ্য করার চেষ্টা করে। পুরো ঘটনার ভিডিও লাইভও করে তারা।

বাঁধন বলেন, তারা বলেছে আমি জুলাই যোদ্ধা। হ্যাঁ, আমি অবশ্যই জুলাইয়ের বৈষম্যবিরোধী আন্দোলনে অংশগ্রহণ করেছি।

হামলাকারীদের এই অসংলগ্ন আচরণ থেকে বেরিয়ে আসার আহ্বান জানান তিনি।

লাইভের পর নিজের ফেসবুকে লাঞ্ছনার দুটি ভিডিও প্রকাশ করেন বাঁধন।

জানা যায়, রুবাইয়াত হোসেনের দ্য ডিফিকাল্ট ব্রাইড সিনেমার অংশ হিসেবে ইতালি অবস্থান করছেন এই অভিনেত্রী।

---

## এ বিভাগের আরও খবর



**ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শনাক্ত**
অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে তাদের মধ্যে শিপল মাহমুদ বিপ্লব, ইল...



**সামান্য মস্করায় ফাঁসলেন নোরা ফাতেহি, খেলেন ৪ কোটি টাকার মামলা**
বিমানে বসে সেটিকে নিয়ে বিদ্রূপাত্মক পোস্ট করায় আইনি ঝামেলায় পড়েছেন বলিউড অভিনেত্রী নোরা ফাতেহি। তার বিরুদ্ধে তিন কোটি রুপির (বাংলাদেশি মুদ্র...



**হার্দিকের সঙ্গে আমিশার প্রেমের গুঞ্জন, সোশ্যাল মিডিয়ায় ভিডিও ভাইরাল**

ক্রিকেট মাঠের পারফরম্যান্সের চেয়ে ব্যক্তিগত জীবন নিয়েই এখন বেশি আলোচনায় ভারতীয় ক্রিকেটার হার্দিক পান্ডিয়া। নাতাশা স্ট্যানকোভিচের সঙ্গে সম্পর...



**স্বস্তিকার আন্তরিকতায় মুগ্ধ ঐন্দ্রিলা, জানালেন অনুভূতি**

জনপ্রিয় রিয়্যালিটি শো দিদি নম্বর ১-এর নতুন মৌসুমে উপস্থাপনার দায়িত্ব নিয়েছেন অভিনেত্রী স্বস্তিকা মুখার্জি। সঞ্চালক হিসেবে তার উপস্থিতি দর্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/entertainment/nijeder-bnggbndhur-soinik-prichy-diye-obhinetri-bandhner-opr-hamla